

Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and his German counterpart, Federal Chancellor Dr Angela Merkel

August 23, 2021

প্রধানমন্ত্রী জার্মান চ্যান্সেলার ডঃ আঙ্গেলা মেয়ারকেলের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন

অগস্ট 23, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে জার্মান চ্যান্সেলার ডঃ আঙ্গেলা মেয়ারকেলের সঙ্গে কথা বলেছেন।

দুই নেতা আফগানিস্তানের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং সংশ্লিষ্ট অঞ্চলে ও বিশ্বে এর কি প্রভাব পরবে তা নিয়ে তাঁদের মধ্যে কথা হয়। তাঁরা শান্তি ও নিরাপত্তা বজায় রাখার উপর গুরুত্ব দিয়েছেন। এক্ষেত্রে আটকে থাকা মানুষদের দ্রুত দেশে ফিরিয়ে আনার কাজটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

উভয় নেতা কোভিড-১৯ টিকা, জলবায়ু ও জ্বালানীর বিষয়ে সহযোগিতা গড়ে তোলা এবং ব্যবসা বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্কের উন্নয়ন সহ দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। আলোচনায় আগামী সিওপি-২৬ বৈঠক, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে সামুদ্রিক নিরাপত্তা নিয়ে আলোচনার জন্য ভারতের উদ্যোগ সহ বহুস্তরীয় স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় স্থান পেয়েছে। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সর্বস্তরের সহযোগিতা বৃদ্ধির বিষয়ে অভিন্ন উদ্যোগ গ্রহণের উপরও তাঁরা গুরুত্ব দিয়েছেন।

নিউ দিল্লি

অগস্ট 23, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release